



সচিব
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফোন : ৫৫০০৬৬২২
ই-মেইল : secretary@bpsc.gov.bd

স্মারকনং-৮০.০০.০০০০.১১১.০১১.১৭.২০১৭- ৭২

তারিখ : ১৫ বৈশাখ ১৪২৫
১৫ এপ্রিল, ২০১৮

বিষয় : ৩৬তম বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু পদ স্বল্পতার কারণে ক্যাডার এবং নন-ক্যাডার ১ম শ্রেণির পদে সুপারিশকৃত নয় এমন প্রার্থীদের মধ্য হতে বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের নন-ক্যাডার দ্বিতীয় শ্রেণির পদে নিয়োগের জন্য সুপারিশ প্রদান।

সূত্র : বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের ১৪.০৯.২০১৭ তারিখের ১১.০০.০০০০.৮০৪.১১.০০১.১২(অংশ-২)/৫৩০ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় কর্তৃক সূত্রোক্ত পত্রে প্রশাসনিক কর্মকর্তা ২য় শ্রেণির ০১ (এক)টি এবং ট্রান্সপোর্ট সুপারভাইজার ২য় শ্রেণির ০১(এক)টিসহ মোট ০২ টি শূন্য পদে ৩৬তম বিসিএস এর লিখিত ও মৌখিক উভয় পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু পদ স্বল্পতার কারণে ক্যাডার এবং নন-ক্যাডার ১ম শ্রেণির পদে সুপারিশকৃত নয় এমন প্রার্থীদের মধ্য হতে পূরণের জন্য কমিশন সচিবালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়।

২. উক্ত প্রস্তাব কমিশন সমীপে উপস্থাপন করা হলে নন-ক্যাডার পদে নিয়োগ (বিশেষ) বিধিমালা-২০১০ অনুসরণে সংশ্লিষ্ট নিয়োগবিধির প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন নিম্নোক্ত ০১ জন প্রার্থীকে তাঁর নামের পার্শ্বে উল্লিখিত পদে মেধা এবং বিদ্যমান কোটা পদ্ধতি অনুযায়ী কমিশন নিয়োগের জন্য সাময়িকভাবে (provisionally) সুপারিশ প্রদান করেছে :

ক্রমিক নং	রেজিঃ নং	প্রার্থীর নাম	পদের নাম	জন্ম তারিখ	জেলা	কোটা
১.	০৬৩৯৮৮	মোহাম্মাদ নাজমুল হাসান	প্রশাসনিক কর্মকর্তা	৩০.০৮.১৯৯২	ব্রাহ্মণবাড়িয়া	মেধা

উল্লেখ্য, পরবর্তীকালে সাময়িকভাবে সুপারিশকৃত প্রার্থীর যে কোন সময় যোগ্যতার ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, জালিয়াতির আশয় গ্রহণ করলে, অসত্য তথ্য প্রদান বা অন্য কোনো ক্ষেত্রে যেমন চাহিদাকৃত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা কোনো গুরুতর (Substantive)ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে উক্ত প্রার্থীর সুপারিশ বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে এবং চাকুরিতে নিয়োগের পর এরূপ কোন তথ্য প্রকাশ বা প্রমাণিত হলে তাকে চাকুরি হতে বরখাস্ত ছাড়াও তার বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৩. প্রার্থী কর্তৃক আবেদনপত্রের সাথে প্রদত্ত তথ্য, ডকুমেন্টস, সনদ এবং প্রার্থীর প্রদত্ত অংগীকারনামা প্রাথমিকভাবে বিবেচনায় নিয়ে কমিশন এই শর্তে প্রার্থীকে সুপারিশ করেছে যে, নিয়োগের পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষ সরকারী সিদ্ধান্ত অনুযায়ী পুলিশি তদন্তের মাধ্যমে সকল সনদ/কাগজপত্রের সত্যতা যাচাইপূর্বক নিশ্চিত হয়ে চূড়ান্ত নিয়োগ প্রদান করবেন।

৪. মেডিকেল বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য ঘোষণা ও যথাযথ এজেন্সি কর্তৃক প্রাক নিয়োগ জীবন বৃত্তান্ত যাচাইয়ের পর প্রার্থীকে সংশ্লিষ্ট মন্ত্রণালয় নিয়োগ প্রদান করবে।

৫. সুপারিশকৃত প্রার্থীর নন-ক্যাডার প্রথম ও দ্বিতীয় শ্রেণির পদের জন্য অনলাইনে পূরণকৃত কমিশনে জমাকৃত দরখাস্ত এবং ৩৬তম বিসিএস এর জন্য জমাকৃত মূল আবেদনপত্র (শিক্ষাগত যোগ্যতার সকল কাগজপত্র ও পুলিশি প্রত্যয়ন ফরমসহ) প্রশাসনিক কর্মকর্তা(অস্থায়ী) পদে সুপারিশকৃত ০১ জন প্রার্থীর তালিকা এতদসঙ্গে প্রেরণ করা হলো। উল্লিখিত কাগজপত্রের প্রাপ্তি স্বীকার করতে অনুরোধ করা হলো।

৬. কমিশনের সুপারিশের ভিত্তিতে গৃহীত ব্যবস্থা সম্পর্কে কমিশনকে যথা সময়ে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

৭. উল্লেখ্য, যোগ্য প্রার্থী না থাকায় বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের ট্রান্সপোর্ট সুপারভাইজার পদে প্রার্থী সুপারিশ করা সম্ভব হয়নি।

সংযুক্তি : বর্ণনামত।

১৪
[আকতারী মমতাজ]

সিনিয়র সচিব
বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
বাংলাদেশ সরকার
শেরেবাংলা নগর, ঢাকা।